



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা- ১২১৫।
www.dls.gov.bd

স্মারক নং-৩৩.০১.০০০০.১১০.০২.০২৬.১৫- ১৮৪
তারিখঃ- ২২/০৩/২০২০ইং
বিষয়ঃ- New Zealand হতে ১ (এক) দিন বয়সী Arbor Acres Grand Parent Stock ব্রয়লার জাতের ৭,৪৮৮ টি মুরগীর
বাচ্চা আমদানীর অনুমতি প্রসঙ্গে
সূত্র : জনাব নাজমুল হাসান খালেদ, ব্যবস্থাপনা পরিচালক, নারিশ গ্র্যান্ডপ্যারেন্ট, বোদা, পঞ্চগড় এর ১৫/০৩/২০২২ ইং তারিখের পত্র
মোতাবেক।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে New Zealand হতে ১ (এক) দিন বয়সী হতে Arbor Acres Grand Parent Stock
ব্রয়লার জাতের সর্বমোট=৭,৪৮৮ (সাত হাজার চারশত অষ্টাশি) টি মুরগীর বাচ্চা নিম্ন বর্ণিত শর্তে আগামী ২২/০৬/২০২২ ইং তারিখের
মধ্যে আমদানির অনুমতি প্রদান করা করা হ'ল।

শর্তসমূহঃ

- ১। অনুমোদিত সকল গ্র্যান্ড প্যারেন্ট স্টক মুরগীর বাচ্চা “সংক্রামক রোগমুক্ত” এই মর্মে রপ্তানীকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা
প্রত্যয়ন করতঃ প্রত্যয়ন পত্র আমদানীর সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ
কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল
করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন) টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত
শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন
রোড, ঢাকা তে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল গ্র্যান্ড প্যারেন্ট স্টক বিমান যোগে আমদানী করতে হবে।
- ৫। বাচ্চা আমদানীর পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানীর পর রপ্তানীকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এল.সি'র কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানী কারক দেশে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা
আমদানী করলে সকল দায় দায়িত্ব আমদানীকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যেকোন সময় আমদানী অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবে।
- ৯। সরকারী নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগীর বাচ্চা দেশে পৌঁছার পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা কে অবহিত করতে হবে।



জনাব নাজমুল হাসান খালেদ
ব্যবস্থাপনা পরিচালক,

Nourish Grand Parents Limited
(Farm: Bhoktaram, Nuronhat Bodda, Panchagar.

কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :-

- ১। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
 - ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর।
 - ৩। পি এস ও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন
স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।
 - ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পঞ্চগড়। হ্যাচারী পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ
করা হলো।
 - ৫। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। মোবাইল- ০১৯৭০৫০৬৮২৪
 - ৬। আইসিটি অফিসার, আইসিটি সেকশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :-
১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।

(ডাঃ পল্লব কুমার দত্ত)
উপপরিচালক (এইচ.আর.ডি)

পক্ষে-মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
adtraining.dls@gmail.com

22/03/2022